

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিভিল সার্জনের কার্যালয়

ফরিদপুর।

স্মারক নং- সিএসএফ/ নির্মাণ ও মেরামত/২০২৩-

তারিখ:

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত কমিউনিটি ক্লিনিক ভবন সমূহ (যেখানে যে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের লক্ষ্যে সিভিল সার্জনের কার্যালয়, ফরিদপুরে আগামী ৩০/০১/২০২৩ তারিখ রোজ সোমবার দুপুর ১২.০০ ঘটিকায় প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে। আগ্রহী ক্রেতাগণকে নির্ধারিত তারিখ ও সময়ে সিভিল সার্জনের কার্যালয়, ফরিদপুর এ উপস্থিত থাকার জন্য আহ্বান করা যাচ্ছে।

পুরাতন কমিউনিটি ক্লিনিক ভবন সমূহের তালিকাঃ

ক্রমিক নং	জেলা	উপজেলা	ইউনিয়ন	সাবেক ওয়ার্ড	বর্তমান ওয়ার্ড	কমিউনিটি ক্লিনিকের নাম	মন্তব্য
১	ফরিদপুর	আলফাডাঙ্গা	টগরবন্দ	২	৬	টিটা কমিউনিটি ক্লিনিক	
২	ফরিদপুর	ভাঙ্গা	চান্দা	২	৫	নয়নবাজার কমিউনিটি ক্লিনিক	
৩	ফরিদপুর	মধুখালি	ডুমাইন	১	৪	আড়পাড়া কমিউনিটি ক্লিনিক	
৪	ফরিদপুর	চরভদ্রাসন	গাজীরটেক	২	৪	গাজীরটেক কমিউনিটি ক্লিনিক	
৫	ফরিদপুর	সদর	আলিয়াবাদ	৩	৭	গদাধর ডাঙ্গী কমিউনিটি ক্লিনিক	

শর্তাবলীঃ

- প্রতিটি পুরাতন কমিউনিটি ক্লিনিক ভবনের জন্য আগ্রহী ক্রেতাগণকে অত্র অফিসের ক্যাশ শাখায় নগদ ১০০০/- (এক হাজার) টাকা জামানত (ফেরতযোগ্য) হিসাবে জমা দিয়ে নিলামে অংশগ্রহণ করতে হবে।
- নিলামে নির্বাচিত ব্যক্তি/ প্রতিষ্ঠান ব্যতীত নিলামে অংশগ্রহণকারী অন্যান্য ব্যক্তি/ প্রতিষ্ঠানগণের জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।
- সর্বোচ্চ নিলাম ডাককারীকে ডাক মূল্যের ১৫% ভ্যাট ও ৫% আয়কর সরকারী কোষাগারে জমা দিয়ে কার্যাদেশ গ্রহণ করতে হবে।
- উদ্বৃত্ত সর্বোচ্চ দর সমমূল্যের হলে লটারীর মাধ্যমে একজনকে নির্বাচন করা হবে।
- কার্যাদেশ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে ভবন ভেঙ্গে সরিয়ে নিতে হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ বা বাতিলের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বঃ-

(ডাঃ মোঃ ছিদ্দীকুর রহমান)

সিভিল সার্জন, ফরিদপুর।

ও আহবায়ক,

পুরাতন জরাজীর্ণ কমিউনিটি ক্লিনিক নিলাম কমিটি।

স্মারক নং- সিএসএফ/ নির্মাণ ও মেরামত/২০২৩-১২৫২/৪২২

তারিখ: ২২/০১/২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতিঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা- ১২১২। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ৪। নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর বিভাগ, ফরিদপুর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাঙ্গা/ ভাঙ্গা/ চরভদ্রাসন/ মধুখালি/ সদর, ফরিদপুর।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আলফাডাঙ্গা/ ভাঙ্গা/ চরভদ্রাসন/ মধুখালি/ সদর, ফরিদপুর।
- ৭। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, আলফাডাঙ্গা/ ভাঙ্গা/ চরভদ্রাসন/ মধুখালি/ সদর, ফরিদপুর।
- ৮। সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর জেলা।
- ৯। নোটিশ বোর্ড, অত্র অফিস।

স্বঃ ২২-১-২৩

(ডাঃ মোঃ ছিদ্দীকুর রহমান)

সিভিল সার্জন, ফরিদপুর।

ও আহবায়ক